

তারিখ: ০১.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

৪১টি ওয়ার্ডে হবে ৪১ টি খেলার মাঠ ও পার্ক: চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, মাদকমুক্ত, সুস্থ ও কর্মক্ষম প্রজন্ম গড়তে চট্টগ্রাম নগরীর ৪১টি ওয়ার্ডে ৪১টি খেলার মাঠ ও পার্ক নির্মাণের উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। শনিবার বিকেলে চসিকের প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে উন্নয়নামূলক হালিশহর বিডিআর মাঠ পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। উল্লেখ্য, কিছুদিন আগে চসিক মেয়রের উদ্যোগে মাঠটির সংস্কার কাজ শুরু হয়। মাঠের চারপাশে বয়স্কদের হাঁটা ও ব্যায়ামের জন্য একটি ওয়াকওয়ে নির্মাণ কাজ শুরু হয়েছে। পাশাপাশি মাঠটি সমান ও উঁচু করে তাতে ঘাস রোপণ করা হয়েছে, যাতে স্থানীয়রা খেলাধুলা ও বিনোদনের জন্য জায়গাটি ব্যবহার করতে পারেন। এসময় মেয়র বলেন, “নগরীর শিশু-কিশোরদের সুস্থ বিনোদনের পরিবেশ ফিরিয়ে আনতে মাঠ ও পার্ক অপরিহার্য। আমাদের সন্তানদের শরীরচর্চা ও মানসিক বিকাশের জন্য নিরাপদ খেলার জায়গা দরকার। এজন্য চট্টগ্রামের প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ ও পার্ক নির্মাণের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।” তিনি বলেন, “যুবসমাজকে যদি মাদক থেকে দূরে রাখতে হয়, তাহলে তাদের বিকল্প কর্ম ও বিনোদনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও পারিবারিক বিনোদনের মাধ্যমে আমরা একটি মানবিক ও প্রাণবন্ত নগরী গড়ে তুলতে চাই।” চসিক মেয়র জানান, এ উদ্যোগের অংশ হিসেবে ইতোমধ্যে ৯ নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের ফিরোজ শাহ পার্ক ও মাঠ, ১৬ নং চকবাজার ওয়ার্ডের মহসিন কলেজ মাঠ, ২৭ নং আগ্রাবাদ জামুরি মাঠ, ২৬ নং বহরুপী মাঠ, ১৭ নং পশ্চিম বাকলিয়া মাঠ, ১১ নং দক্ষিণ কাটলী ওয়ার্ডের বিডিআর মাঠ, হালিশহর শিশু পার্ক ও মাঠ এবং ২৫ নং এইচ ব্লক মাঠ উন্নয়নে উদ্যোগ নিয়েছে চসিক। তিনি আরও বলেন, “প্রকৌশল বিভাগ ধাপে ধাপে সব ওয়ার্ডে মাঠ ও পার্ক নির্মাণের কাজ বাস্তবায়ন করবে। আমরা চাই প্রতিটি ওয়ার্ডের মানুষ তাদের সন্তানদের নিয়ে হাঁটতে, খেলতে ও আনন্দ করতে পারুক—যেন প্রতিটি ওয়ার্ড হয়ে ওঠে সুস্থ নগরজীবনের প্রতীক।” মেয়র স্থানীয় নেতৃবৃন্দ, প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের মাঠ পরিদর্শন শেষে চলমান উন্নয়নকাজের অগ্রগতি সম্পর্কে নির্দেশনা দেন এবং মাঠগুলোর রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করার ওপরও গুরুত্বারোপ করেন। এসময় আরো উপস্থিত ছিলেন হালিশহর ফেন্ডস ইউনিক সোসাইটির (হাফুস) সভাপতি ফরিদ আহমেদ বাবু, সিনিয়র সহ সভাপতি গোলাম মোর্শেদ চৌধুরী, সাধারণ সম্পাদক নানু চৌধুরী, ক্রীড়া সম্পাদক ইকবাল হোসেন, সহ-সভাপতি নাজিম উদ্দীন, মেয়রের ক্রীড়া প্রতিনিধি আবদুল আহাদ রিপনসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ছবির ক্যাপশন: হালিশহর বিডিআর মাঠ পরিদর্শন করছেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন।



চট্টগ্রামে সমাবেশে চসিক মেয়র ডাঃ শাহাদাত হোসেন

সরকারের রাজস্ব আদায়ে দলিল লেখকগণ অগ্রণী ভূমিকা পালন করছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র জননেতা ডাঃ শাহাদাত হোসেন বলেছেন, সরকারের রাজস্ব আদায়ে দলিল লেখকগণ অগ্রণী ভূমিকা পালন করছে। তাই বাংলাদেশ দলিল লেখক সমিতির কেন্দ্রীয় ভাবে ঘোষিত ৭ দফা বাস্তবায়নে দলিল লেখকদের পাশে থাকার আশ্বাস দিয়ে মেয়র বলেন, ভূমি রেজিস্ট্রেশনে দলিল লেখকদের নানা ধরনের হয়রানি বন্ধ করতে হবে। তিনি শনিবার চট্টগ্রাম প্রেস ক্লাবের জুলাই বিপ্লব স্মৃতি হলে চট্টগ্রাম জেলা দলিল লেখক সমিতির উদ্যোগে আয়োজিত দলিল লেখক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। চট্টগ্রাম জেলা দলিল লেখক সমিতির সভাপতি আলহাজ্ব মুহাম্মদ মাহবুবুল আলম এর সভাপতিত্বে এবং সদস্য সচিব মোঃ মামুনুর রশিদ এর পরিচালনায় দলিল লেখক সমাবেশে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, চট্টগ্রাম মহানগর বিএনপির আহবায়ক মোহাম্মদ এরশাদ উল্লাহ। উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ দলিল লেখক সমিতির নবনির্বাচিত চেয়ারম্যান আলহাজ্ব এম.এ রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ দলিল লেখক সমিতির মহাসচিব কে.এস হোসাইন টমাস, চট্টগ্রাম প্রেস ক্লাব এর সদস্য সচিব জাহিদুল করিম কচি, বাংলাদেশ দলিল লেখক সমিতির কেন্দ্রীয় নেতা, আলহাজ্ব নুরুল হক মিয়া, মোহাম্মদ খোরশেদ আলম বাবুল, এস এম আয়নাল হক, আলহাজ্ব মোহাম্মদ সিদ্দিকুর রহমান, মোঃ ফিরোজ আলম, কাজী মনসুর আলম, হাজী এম এ মন্জু, মিয়া মোহাম্মদ সোহাগ পারভেজ, গোলাম মোস্তফা। সমাবেশে বক্তরা, দলিল রেজিস্ট্রেশন পদ্ধতি আধুনিকায়ন করার নামে দলিল লেখকদের পেশাচ্যুত করা যাবে না, সরকার থেকে প্রতিশ্রুত দলিল প্রতি সম্মানী ভাতা ন্যূনতম ৪০০০ টাকা বাস্তবায়ন, লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক ছাড়া অন্য কেউ দলিল লেখতে পারবে না সহ কেন্দ্রীয় দলিল লেখক সমিতির ঘোষিত ৭ দফা দাবী দ্রুত বাস্তবায়নের আহবান জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮